গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
সরকারী ঋণ ও আর্থিক সম্পদ ব্যবস্থাপনা অনুবিভাগ
প্রচ্ছন্ন দায় ও আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা শাখা

www.mof.gov.bd

নম্বর: ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫.১২৪

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৮ মে ২০২৬

## পরিপত্র

**বিষয়: সরকারি সকল রাজস্ব ও প্রাপ্তি 'এ-চালান' (A-Challan) এর মাধ্যমে ট্রেজারি সিঙ্গেল অ্যাকাউন্ট (TSA)-এ জমা নিশ্চিতকরণ এবং ম্যানুয়াল চালান পদ্ধতি রহিতকরণ।**

বাংলাদেশের সংবিধান অনুযায়ী সরকারের সকল রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি 'সংযুক্ত তহবিল' অথবা 'প্রজাতন্ত্রের সরকারি হিসাব'-এ জমা হওয়ার বিধান রহিয়াছে। ট্রেজারি রুলস অনুযায়ী এই অর্থ বাংলাদেশ ব্যাংকে রক্ষিত ট্রেজারি সিঙ্গেল অ্যাকাউন্ট (TSA) এর মাধ্যমে পরিচালিত হইবে এবং সরকারের মন্ত্রণালয়, বিভাগ বা অধঃস্তন অফিসসমূহ কর্তৃক আর্থিক লেনদেন করিবার জন্য এই হিসাব ব্যবহার করিতে হইবে। এই হিসাব ব্যতীত অন্য কোনো ব্যাংক হিসাবের মাধ্যমে সরকারি অর্থ লেনদেন করিবার কোন সুযোগ নেই।

০২। সরকারের নগদ অর্থ ব্যবস্থাপনা শক্তিশালীকরণ এবং Real Time-এ সরকারি অর্থ জমা নিশ্চিত করিবার লক্ষ্যে ২০১৮-১৯ অর্থবছর হইতে সরকারি রাজস্ব ও অন্যান্য প্রাপ্তি ৫৬ ডিজিটের কোডের মাধ্যমে অনলাইনে জমা প্রদানের জন্য 'এ-চালান' (A-Challan) পদ্ধতি প্রবর্তিত হইয়াছে। কিন্তু লক্ষ্য করা যাইতেছে যে, কিছু দপ্তর এখনও পুরাতন ম্যানুয়াল কোড ব্যবহার করিয়া অর্থ জমা প্রদান করিতেছে এবং অনেক ক্ষেত্রে TSA ব্যবহার না করিয়া আইন বহির্ভূতভাবে ব্যাংকে নিজেদের নামে পৃথক হিসাব খুলিয়া সরকারি অর্থ জমা রাখিতেছে। ইহাতে একদিকে যেমন সরকারের নগদ অর্থের প্রকৃত স্থিতির পরিমাণ নিরূপণ করা সম্ভব হইতেছে না, তেমনি অন্যদিকে বিভিন্ন ব্যাংক হিসাবে জমাকৃত নগদ অর্থ সরকার প্রয়োজনে ব্যবহার করিতে না পারিবার কারণে অভ্যন্তরীণ ও বৈদেশিক উৎস হইতে উচ্চ সুদে ঋণ গ্রহণ করিতে হইতেছে।

০৩। এমতাবস্থায়, সরকারি অর্থের স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং ঋণের সুদজনিত ব্যয় হ্রাস করিবার লক্ষ্যে সরকার নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করিয়াছে:

(ক) আগামী ০১ জুলাই ২০২৬ হইতে ম্যানুয়াল চালান পদ্ধতি সম্পূর্ণ বন্ধ এবং সকল সরকারি রাজস্ব ও অন্যান্য প্রাপ্তির ক্ষেত্রে শতভাগ 'এ-চালান' ব্যবস্থা বাস্তবায়ন করিতে হইবে;

(খ) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরসহ সকল অধঃস্তন অফিসের রাজস্ব বা অন্য কোনো প্রাপ্তি আদায় ও জমা করিবার জন্য 'এ-চালান' ব্যতীত অন্য কোনো স্বতন্ত্র ব্যবস্থা বা সিস্টেম চালু থাকিলে তাহা অবিলম্বে বাতিল করিতে হইবে;

(গ) সকল সরকারি দপ্তর কর্তৃক বাণিজ্যিক ব্যাংকে রক্ষিত ব্যাংক হিসাবে জমাকৃত সমুদয় অর্থ আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে 'এ-চালান' এর মাধ্যমে সংশ্লিষ্ট অর্থনৈতিক কোড ব্যবহার করিয়া বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সরকারের ব্যাংক একাউন্ট TSA-তে স্থানান্তর নিশ্চিত করিতে হইবে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এই পরিপত্র জারি করা হইল।

১৮-০৫-২০২৬
ইশরাত জাবিন
উপ সচিব
ফোন : ০২২২৩৩৮১৬১৭

বিতরণ :
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

২। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর কার্যালয়, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা ১০০০,।
৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল সি/এ, ঢাকা।।
৪। সিনিয়র সচিব/সচিব (সকল).............................................................।
৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
৬। সিজিএ (হিসাব মহানিয়ন্ত্রক ), হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব(সকল).....................................................,অর্থ বিভাগ।।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। এসপিএফএমএস কর্মসূচি, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন (৫ম তলা), রমনা, ঢাকা।
২। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা।
৪। একান্ত সচিব (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, অর্থ বিভাগ।

১৮-০৫-২০২৬
ইশরাত জাবিন
উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট
কৃষি খামার সড়ক, ঢাকা-১২১৫।
www.srdi.gov.bd

স্মারক নং-১২.০৩.০০০০.০০২.৯৯.০০২.১৯-৭৯৬ তারিখ: ২৬ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: সরকারি সকল রাজস্ব ও প্রাপ্তি 'এ-চালান' (A-Challan) এর মাধ্যমে ট্রেজারী সিংগেল অ্যাকাউন্ট (TSA)-এ জমা নিশ্চিতকরণ এবং ম্যানুয়াল চালান পদ্ধতি রহিতকরণ।**

অর্থ মন্ত্রণালয়ের, সরকারি ঋণ ও আর্থিক সম্পদ ব্যবস্থাপনা অনুবিভাগ, প্রচ্ছন্ন দায় ও আর্থিক ঝুঁকি ব্যবস্থাপনা শাখা এর ১৮ মে ২০২৬ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৩৮.২২.০০০২.২৫.১২৪ সংখ্যক পত্রের মাধ্যমে প্রাপ্ত সরকারি সকল রাজস্ব ও প্রাপ্তি 'এ-চালান' (A-Challan) এর মাধ্যমে ট্রেজারী সিংগেল অ্যাকাউন্ট (TSA)-এ জমা নিশ্চিতকরণ এবং ম্যানুয়াল চালান পদ্ধতি রহিতকরণ সংক্রান্ত পরিপত্রটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পৃষ্ঠাংকনপূর্বক এতদসংগে প্রেরণ করা হলো।

B.Sultana
26/05/2026

(ড. বেগম সামিয়া সুলতানা)
মহাপরিচালক
ফোন : ০২-৪১০২৫০৪১
E-mail: dg@srdi.gov.bd

**অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। পরিচালক, ফিল্ড সার্ভিসেস উইং/অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইং, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, এসআরডিআই-এর ভবন নির্মাণ ও সক্ষমতা বৃদ্ধি (সিসিবিএস) প্রকল্প, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, বিভাগীয় কার্যালয়/বিভাগীয় গবেষণাগার।
৪। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (সকল), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক গবেষণাগার।
৫। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, মৃত্তিকা সংরক্ষণ ও পানি বিভাজিকা ব্যবস্থাপনা কেন্দ্র, বান্দরবান/লবণাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র, বটিয়াঘাটা, খুলনা।
৬। উপপরিচালক (প্রশাসন), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৭। ইনোভেশন অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা **(ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।**
৮। সহকারী পরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা/স্টোর অফিসার, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
৯। প্রশাসনিক কর্মকর্তা/অফিস তত্ত্বাবধায়ক (সকল), মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ঢাকা।
১০। অফিস নথি।